গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | জালাল উদ্দিন আহম্মেদ<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ১৮.১২.২২ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষে ( কক্ষ নং-৯৩০) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

০২। **প্রারম্ভিক আলোচনা:**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভারকাজ শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরে ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০২২) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার দুটি কার্যক্রম ১.১ (সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুর্নগঠন) ও ১.২ (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন) বিষয়েঅদ্যকার সভাটি আয়োজন করা হয়েছে।

২.২ তিনি বলেন, আলোচ্যসূচি ১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অর্থাৎ পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করবে। পরিবীক্ষণ কমিটি কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগের নিকট প্রেরণ করবে। অপরদিকে আলোচ্যসূচি ১.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। অর্থ্যাৎ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। সভাপতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও উপসচিব (প্রশাসন-৬ রেল অপারেশন)কে সভার বিষয়বস্তু উপস্থাপনের আহবান করেন।

২.৩ সভার উপসচিব (প্রশাসন-৬ রেল অপারেশন) গত ১৪/০৯/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ বিষয়ে আলোচনা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২.৪ উপসচিব (প্রশাসন-৬ রেল অপারেশন) সভায় বলেন, সিটিজেন চার্টার হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। ফলে, যে কোন সময় এর সংযোজন বিয়োজন করা যাবে। বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে এবং তা রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) এর সেবা সহজীকরণের নিমিত্ত ২.১ নাগরিক সেবা, ২.২ দাপ্তরিক সেবা এবং ২.৩ অভ্যন্তরীণ সেবা এর ১৫ (পনের)টি নির্ধারিত ফরম হাইপার লিংক যুক্ত করা হয়েছে। তিনি আরোও বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ৪টি কোয়ার্টারভিত্তিক কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে পারলে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

২.৫ যুগ্মসচিব (প্রশাসন-২) সিটিজেন চার্টার এর দাপ্তরিক সেবায় বাংলাদেশ রেলওয়ের জমি সংক্রান্ত তথ্যাবলী শিরনামে একটি কার্যক্রম অন্তর্ভুক্তির বিষয় গুরুত্বরোপ করেন। এছাড়াও রেলপথ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে

স্থানান্তরের বিষয়েও আলোচনা করেন।

২.৬ সভাপতি বলেন, অদ্যকার সভাটি ২০২২-২৩ অর্থবছরের ২য় সভা। সিটিজেন চার্টারে উল্লিখিত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা হতে প্রশাসন-৬ শাখায়নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ করা না হলে প্রতিবেদনটি যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা সম্ভব হয় না। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ একটু মনোযোগী হলে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে শতভাগ বাস্তবায়ন সম্ভব হবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি বিদ্যমান সিটিজেন চার্টারে সেবা প্রদানের ক্ষেত্রে কোন ধরণের সংযোজন/বিয়োজন প্রয়োজন হলে তা জরুরি ভিত্তিতে ফোকাল পয়েন্টকে অবহিত করার জন্য অনুরোধ করেন।

০৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | **সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br><br>সভায় সিটিজেন চার্টারের কার্যক্রমের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ০২/০১/২০২৩ তারিখের মধ্যে যাতে নিজ নিজ অধিশাখা/শাখার কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দিতে পারে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অক্টোবর- ডিসেম্বর/২০২২ প্রান্তিকের সিটিজেন চার্টারের কার্যক্রমের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ০২/০১/২০২৩ তারিখের মধ্যে সিটিজেন চার্টারে বর্ণিত সংশ্লিষ্ট কার্যাবলী বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শূন্য প্রতিবেদন প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-১/২//৪/৫/উন্নয়ন-১/২/৩ / বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) , সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সহকারী সচিব (অডিট-১)/তথ্য প্রদানকারী কর্মকর্তা, সহকারী সচিব (বাজেট-১/বাজেট-২) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা। |
| ৩.২ | **সেবা সহজীকরণের নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বর হালনাগাদকরণ :**<br><br>সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) এর সেবা সহজীকরণের নিমিত্ত রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বর হালনাগাদকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) এর সেবা সহজীকরণের নিমিত্ত রেলপথ মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বর হালনাগাদ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৬) অধিশাখা<br><br>এবং<br><br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>রেলপথ মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন:**<br><br>কর্ম পরিকল্পনার ২.১ কার্যক্রমটি হচ্ছে প্রশিক্ষণের আয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>১৪/০৯/২০২২ তারিখ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এ অর্থ বছরে ২টি প্রশিক্ষণের আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। আর একটি প্রশিক্ষণ ৩য়/ ৪র্থ কোয়াটারে আয়োজন করা যেতে পারে। | সিটিজেন চার্টার সংক্রান্ত প্রশিক্ষণের বাস্তবায়ন অগ্রগতি প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-২) অধিশাখা রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৪ | **সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন:**<br><br>কর্ম পরিকল্পনার ১.১ কার্যক্রমটি হচ্ছে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সংক্রান্ত। গত ০৪ আগস্ট ২০২০ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়। প্রতি কোয়ার্টারে কমিটি পুনগঠন করতে হবে। এছাড়াও এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সিটিজেন চার্টার এর সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক পরিবীক্ষণ কমিটি পুনর্গঠনের অফিস আদেশের কপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে; | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ৩.৫ | **রেলপথ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়ে স্থানান্তর সংক্রান্ত :**<br><br>রেলপথ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়ে স্থানান্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রেলপথ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়ে স্থানান্তরের বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় পত্র মারফত পুনরায় অনুরোধ জানাতে হবে। বিষয়টি সিটিজেন চার্টার কার্যক্রম অর্ন্তভুক্তি করতে হবে। | উপসচিব (প্রশাসন-৪) রেলপথ মন্ত্রণালয় |

| | | | |
|---|---|---|---|
| ৩.৬ | **বাংলাদেশ রেলওয়ের ভূমি সংক্রান্ত সেবা:**<br><br>বাংলাদেশ রেলওয়ের ভূমি সংক্রান্ত সেবার বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ রেলওয়ের ভূমি সংক্রান্ত সেবা (সিটিজেন চার্টারের উল্লিখিত সময় অনুযায়ী) প্রদান করতে হবে। রেলপথ মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার সংশোধন করে বাংলাদেশ রেলওয়ের ভূমি সংক্রান্ত তথ্যাবলী শিরনামে একটি কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে। সিটিজেন চার্টারে উল্লিখিত সময় অনুযায়ী ভূমি সংক্রান্ত তথ্যাবলীর বিশেষ করে লীজ, আদায়, যদি কোন মামলা হয়ে থাকে/ নিস্পত্তি হয়ে থাকে তার হালনাগাদ তথ্যাবলী প্রশাসন-৬ শাখায় দিতে হবে। | উপসচিব (প্রশসন-৬)<br>রেলপথ মন্ত্রণালয়<br>এবং<br>সহকারী সচিব (ভূমি)<br>রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৭ | **তথ্য অধিকার আইন অনুযায়ী স্বত: প্রণোদিত তথ্য প্রকাশ :**<br><br>রেলপথ মন্ত্রণালয়ের স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ তালিকা এবং স্বত: প্রনোতিক নির্দেশিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রেলপথ মন্ত্রণালয়ের স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ তালিকা এবং নির্দেশিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (অডিট-১)<br>রেলপথ মন্ত্রণালয়,<br>বিকল্প তথ্য কর্মকর্তা<br>রেলপথ মন্ত্রণালয়<br>এবং<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>রেলপথ মন্ত্রণালয় |

০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জালাল উদ্দিন আহম্মেদ
যুগ্মসচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৪১.১৮.০১০.২২.৩৫২

তারিখ: ৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্ম সচিব ( প্রশাসন/ প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

২) উপসচিব (সকল) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা ( কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) সিনিয়র সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৬) সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

আলমগীর হুছাইন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)